



## বিষয়: হুইসেল বোয়িং (Whistle Blowing) নীতিমালা

বাদাবন সংঘ

এপ্রিল ২০২০

### ১. উদ্দেশ্য

- ক. বাদাবন সংঘকে নারী অধিকার ভিত্তিক ভাল মানের সংগঠন তৈরি। এটি ব্যবস্থাপনা বা কারো একার দায়িত্ব নয়-সবার দায়িত্ব।
  - খ. নীতিবোধসম্পন্ন কর্মী তৈরি করা।
  - গ. সংস্থা শুধু সবার অধিকার নিয়ে কাজ করবে না। সংস্থার কর্মীকেও সংস্থার জন্য কাজ করতে হবে।
  - ঘ. দায়িত্ব শুধু নিজের জন্য নয়। সংস্থার জন্যও দায়িত্ব পালন করতে হবে।
  - ঙ. কর্মীকে আত্মকেন্দ্রিক নয়, সাম্যবাদী হয়ে “সবার জন্য ভালো হোক আগে, তাহলে সাথে নিজেরটাও ভাল হবে”-এ বিশ্বাস স্থাপন করা।
২. এটি একই অফিসের মধ্যে প্রযোজ্য।
  ৩. এ নীতিমালাটি যখন ঘটনা ঘটে বা ঘটতে পারে সেই সময়ে প্রযোজ্য। সংগঠন ছেড়ে চলে গিয়ে বা সংগঠনের ভেতর অন্যত্র গিয়ে এ রকম কথা বললে তা গ্রহণযোগ্য হবে না।
  ৪. একই অফিসের যার সাথে হয়তো বা কাজের সম্পর্ক নেই তার ক্ষেত্রেও এ নীতিমালাটি প্রযোজ্য।
  ৫. যদি দেখা যায় কোন সহকর্মী নিম্নলিখিত বিষয়গুলো করছেন বা করতে যাচ্ছেন তাহলে তা যেকোন মাধ্যমে সরাসরি নির্বাহী পরিচালককে জানাবেন।
    - ক. সংগঠনের নীতিমালার বাইরে অথবা অসামাজিক, অনৈতিক, রাষ্ট্রবিরোধী, সংগঠনের বা এর ভাবমূর্তিক জনস্বস্তিকর কোন কিছু করছেন বা করবেন বলে সন্দেহ হচ্ছে।
    - খ. কোনও কর্মী যদি অন্য সহকর্মী বা স্টেকহোল্ডারের বাসায় নিয়মিত আসা যাওয়া করেন বা ব্যক্তিগত সম্পর্কে জড়িয়ে পড়েন বা অবৈধ সম্পর্ক গড়ে তোলেন বা কোন নীতিবিরুদ্ধ কাজ করেন।
    - গ. সংস্থার নীতিমালা বহির্ভূত কাজ করেন।
    - ঘ. কোন সহকর্মী যদি অফিসের সম্পদের ক্ষতি করেন, সম্পদ আত্মসাৎ করেন।
  ৬. যদি প্রমাণিত হয় যে, একই অফিসে ও একই দলে থেকে তিনি/তারা স্বপ্রণোদিত হয়ে উপরোক্ত বিষয়গুলো জানান নি, তাহলে ধরে নিতে হবে যে তিনি/তারা তা জেনেও জানান নি। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল কর্মীর বিরুদ্ধে কোস্ট মানব সম্পদ নীতিমালা ২০১৩ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
  ৭. এখানে উল্লেখ্য যে যিনি এ ধরনের তথ্য প্রদান করবেন সংগঠন পর্যায়ে তারজন্য সম্পূর্ণ নিরাপত্তা প্রদান করা হবে। এ পর্যায়ে সকলকে উদ্বুদ্ধ করা হচ্ছে যাতে করে এ ধরনের পরিস্থিতি আন্দাজ বা চোখে পড়ার সাথে সাথে পরিচালক বা নির্বাহী পরিচালককে জানানো হয়ে।

লিপি রহমান  
নির্বাহী পরিচালক ও সাধারণ সম্পাদক  
নির্বাহী কমিটি

**Lipi Rahman**  
Executive Director  
General Secretary, Executive Committee  
Badabon Sangho

গুলশান আরা  
চেয়ারপার্সন  
নির্বাহী কমিটি

**Gulshan Ara**  
Chairperson  
Executive Committee  
Badabon Sangho